



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ই-মেইল dgmsmc@krishibank.org.bd;

ফোনঃ ০২২২৩৩৮৮৯৯, ০২২২৩৩৫৮৬৮১



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা-ক্রেডিট-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২১-২০২২/ ১৮৮(১২০)

তারিখঃ ০৫/০৮/২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সিএমএসই খাতের নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন কাজিত মাত্রায় উন্নীতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯, তারিখঃ ০৪/০৮/২০২১ (কপি সংযুক্ত) এবং অত্র বিভাগের পত্র নং-১৩৪১, তারিখঃ ২৬/১১/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনানুযায়ী ২০২৪ সাল অস্তে সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% (পনের শতাংশ) নারী উদ্যোক্তাদেরকে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারন করে দেয়া হয়। একই সার্কুলারের ১১.২ নং অনুচ্ছেদ অনুযায়ী নারী উদ্যোক্তাগণকে "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" এর আওতায় অগ্রাধিকার ভিত্তিতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। পরবর্তীতে, করোনা মহামারির কারণে নারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা সহজীকরণে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২/২০২০ এর ০২(খ) এর মাধ্যমে "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" এর আওতায় সুদ/মুনাফার হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ৩% (তিন শতাংশ) এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৭% (সাত শতাংশ) পুনঃনির্ধারণ করা হয়।

০৩। নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ২০২৪ সাল অস্তে ১৫% এ উন্নীত করার লক্ষ্যে "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" বাস্তবায়নে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবেঃ

- ক) শুধুমাত্র নারী উদ্যোক্তাগণকে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে এ পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা; এবং
- খ) এ স্কীমের আওতায় পুনঃঅর্থায়নের সুদ/মুনাফার হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৫% (পাঁচ শতাংশ) নির্ধারণ করা।

০৪। এমতাবস্থায়, নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনে উক্ত সার্কুলার লেটারের নির্দেশনা যথাযথ ভাবে অনুসরণ করা জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা-ক্রেডিট-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২১-২০২২/ ১৮৮(১২০)

তারিখঃ ০৫/০৮/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

০৫/০৮/২০২১
(মোহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোথামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার নোটার নং-০৯

তারিখঃ শ্রাবণ ২০, ১৪২৮
আগস্ট ০৪, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত
লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন কাক্ষিত মাত্রায় উন্নীতকরণ প্রসঙ্গে।

অত্র বিভাগ কর্তৃক জারিকৃত সেন্টেম্বর ০৫, ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-২ এবং মে ০৭, ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নোটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনানুযায়ী ২০২৪ সাল অন্তে সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% (পনের শতাংশ) নারী উদ্যোক্তাদেরকে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারন করে দেয়া হয়। একই সার্কুলারের ১১.২ নং অনুচ্ছেদ অনুযায়ী নারী উদ্যোক্তাগণকে “স্বল্প এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম” এর আওতায় অগ্রাধিকার ভিত্তিতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। পরবর্তীতে, করোনা মহামারির কারণে নারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা সহজীকরণে এসএমইএসপিডি সার্কুলার নোটার নং-০২/২০২০ এর ০২(খ) এর মাধ্যমে “স্বল্প এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম” এর আওতায় সুদ/মুনাফার হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ৩% (তিন শতাংশ) এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৭% (সাত শতাংশ) পুনঃনির্ধারণ করা হয়।

০৩। নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ২০২৪ সাল অন্তে ১৫% এ উন্নীত করার লক্ষ্যে “স্বল্প এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম” বাস্তবায়নে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে :

ক) শুধুমাত্র নারী উদ্যোক্তাগণকে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে এ পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা; এবং

খ) এ স্কীমের আওতায় পুনঃঅর্থায়নের সুদ/মুনাফার হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৫% (পাঁচ শতাংশ) নির্ধারণ করা।

০৪। এতদ্ব্যতীত উক্ত সার্কুলার ও সার্কুলার নোটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হগো।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২